সাতক্ষীরা পৌরসভা কার্যালয়
সাতক্ষীরা
https://pourashava.satkhira.gov.bd/

**৩৫ তম মাসিক পরিষদ সভার কার্যবিবরণী**

সভাপতি : কাজী ফিরোজ হাসান, মেয়র (ভারপ্রাপ্ত) , সাতক্ষীরা পৌরসভা,সাতক্ষীরা ।

সভার তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ।

সময় : বেলা ০৩.০০ ঘটিকা।

স্থান : পরিষদ সভা কক্ষ।

অদ্য ২৮ ডিসেম্বর ,২০২৩ খ্রিস্টাব্দ। তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ৩.০০ ঘটিকায় মেয়র, সাতক্ষীরা পৌরসভা জনাব কাজী ফিরোজ হাসান এঁর সভাপতিত্বে পৌর পরিষেদর ৩৫ তম মাসিক পরিষদ সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং চলতি মাসের রাজস্ব আদায় নিয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং রাজস্ব আদায় প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সকল কর্মকর্তা কে নির্দেশনা প্রদান করেন। অতঃপর আলোচ্য সূচি প্রধান নির্বাহী কর্মকর্তা ধারাবাহিকভাবে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। সভা শুরুতে ৩৪ তম সভার কার্যবিবরণী নিম্নরূপ সংশোধনসহ পাঠ ও দৃটীকরণ করা হয়।

**সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হলো।**

আলোচ্য সূচি অনুসারে আলোচনা

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | পরবর্তী গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়সূচি) | দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১-ক | পৌরসভার তহবিল সংক্রান্ত | এ কার্যালয় গত নভেম্বর মাসের পরিষদের বিভিন্ন উন্নয়ন মূলক ও দাপ্তরিক কাজের ব্যয় **পরিশিষ্ট-খ** তালিকা লিপিবদ্ধ করা হয়েছে। একই সাথে বিগত সভার পূর্ব হতে আজ অবধি সকল কার্যক্রম ও আয় ও ব্যয় অনুমোদন করার প্রস্তাব করা হয়। | **উক্ত ব্যয় অনুমোদিত হয়।** | ১. পৌর নির্বাহী কর্মকর্তা,সাতক্ষীরা পৌরসভা।<br>২.নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা। |
| ১-খ | কর, উপ-কর,রেইট,টোল এবং ফি আরোপের প্রস্তাব ও নির্ধারণ বিষয় | জনাব শেখ আনোয়ার হোসেন মিলন, ওয়ার্ড-০৫, কাউন্সিলর জানান যে, ভূমি অফিস কর্তৃক আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% করের প্রদানের বিধান আছে। কিন্তু সহকারী কমিশনার (ভূমি) সাতক্ষীরা সদর নিয়মিত উক্ত টাকা প্রদান করেন না। কিছু ক্ষেত্রে দেখা যায় যে, কিছু কিছু সরকারী সংস্থা ও ব্যক্তি পর্যায়ে হোল্ডিং ট্যাক্স ও বকেয়া পানির বিল বকেয়া | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে গৃহীত হয়। | ১. পৌর নির্বাহী কর্মকর্তা ,সাতক্ষীরা পৌরসভা। |

সাতক্ষীরা পৌরসভা কার্যালয়
সাতক্ষীরা
https://pourashava.satkhira.gov.bd/

## ৩৫ তম মাসিক পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী ফিরোজ হাসান, মেয়র (ভারপ্রাপ্ত) , সাতক্ষীরা পৌরসভা,সাতক্ষীরা ।

সভার তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ।

সময় : বেলা ০৩.০০ ঘটিকা।

স্থান : পরিষদ সভা কক্ষ।

অদ্য ২৮ ডিসেম্বর ,২০২৩ খ্রিস্টাব্দ। তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ৩.০০ ঘটিকায় মেয়র, সাতক্ষীরা পৌরসভা জনাব কাজী ফিরোজ হাসান এঁর সভাপতিত্বে পৌর পরিষেদর ৩৫ তম মাসিক পরিষদ সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং চলতি মাসের রাজস্ব আদায় নিয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং রাজস্ব আদায় প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সকল কর্মকর্তা কে নির্দেশনা প্রদান করেন। অতঃপর আলোচ্য সূচি প্রধান নির্বাহী কর্মকর্তা ধারাবাহিকভাবে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। সভা শুরুতে ৩৪ তম সভার কার্যবিবরণী নিম্নরূপ সংশোধনসহ পাঠ ও দৃঢীকরণ করা হয়।

**সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হলো।**

### আলোচ্য সূচি অনুসারে আলোচনা

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | পরবর্তী গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়সূচি) | দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১-ক | পৌরসভার তহবিল সংক্রান্ত | এ কার্যালয় গত নভেম্বর মাসের পরিষদের বিভিন্ন উন্নয়ন মূলক ও দাপ্তরিক কাজের ব্যয় **পরিশিষ্ট-খ** তালিকা লিপিবদ্ধ করা হয়েছে। একই সাথে বিগত সভার পূর্ব হতে আজ অবধি সকল কার্যক্রম ও আয় ও ব্যয় অনুমোদন করার প্রস্তাব করা হয়। | **উক্ত ব্যয় অনুমোদিত হয়।** | ১. পৌর নির্বাহী কর্মকর্তা,সাতক্ষীরা পৌরসভা।<br>২.নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা। |
| ১-খ | কর, উপ-কর,রেইট,টোল এবং ফি আরোপের প্রস্তাব ও নির্ধারণ বিষয় | জনাব শেখ আনোয়ার হোসেন মিলন, ওয়ার্ড-০৫, কাউন্সিলর জানান যে, ভূমি অফিস কর্তৃক আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% করের প্রদানের বিধান আছে। কিন্তু সহকারী কমিশনার (ভূমি) সাতক্ষীরা সদর নিয়মিত উক্ত টাকা প্রদান করেন না। কিছু ক্ষেত্রে দেখা যায় যে, কিছু কিছু সরকারী সংস্থা ও ব্যক্তি পর্যায়ে হোল্ডিং ট্যাক্স ও বকেয়া পানির বিল বকেয়া | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে গৃহীত হয়। | ১. পৌর নির্বাহী কর্মকর্তা ,সাতক্ষীরা পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রেখেছেন। তিনি সকল দপ্তরে পত্র প্রেরণ করার প্রস্তাব করেন এবং শেখ জাহাঙ্গীর হোসেন কালু, কাউন্সিলর, ওয়ার্ড- ০৭, সাতক্ষীরা পৌরসভা সাতক্ষীরা পৌরসভার বকেয়া কর আদায় করার নিমিত্তে বকেয়া পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ অনুসারে বকেয়া কর আদায় করার প্রস্তাব করেন। | | |
| ১-গ | পৌরসভার নিরীক্ষা প্রতিবেদন | পৌরসভার হিসাব শাখার নথি ও রেজিস্ট্রার পর্যালোচনায় দেখা যায় যে, মোট ৬২ টি অডিট আপত্তি অনিষ্পন্ন অবস্থায় আছে। এ প্রেক্ষিতে উক্ত অডিট আপত্তি সমূহ নিষ্পন্ন এর নিমিত্তে এ কার্যালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা ও পৌর নির্বাহী কর্মকর্তাকে প্রদানে প্রস্তাব করা হয়। | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে পাশ হয়। | ১. পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা।<br>২. হিসাবরক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা। |
| ১-ঘ | উন্নয়ন প্রকল্প প্রস্তাব, উহার প্রাক্কলন অনুমোদন ও বাস্তবায়ন | জনাব শেখ আনোয়ার হোসেন মিলন, কাউন্সিলর, ওয়ার্ড- ০৫, সাতক্ষীরা পৌরসভা বলেন সাতক্ষীরা পৌরসভাতে ক্রমি প্রকল্পের অধীন বাস্তবায়নের অপেক্ষায় 3rd প্যাকেজের সব কাজ সমূহ শুধু ০২ নং ওয়ার্ডে প্রস্তাব করা হয়েছে। তিনি **পরিশিষ্ট- গ তে** উল্লিখিত প্রকল্প সমূহের পরিবর্তে **পরিশিষ্ট- ঘ তে উল্লিখিত প্রকল্প সমূহ বাস্তবায়নের প্রস্তাব করেন।** | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে পাশ হয়। | ১. পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা।<br>২.নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা। |
| ১-ঙ | বাস্তবায়নের জন্য পৌরসভার উপর ন্যস্ত অন্যান্য প্রকল্প | সাতক্ষীরা পৌরসভায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে CRIM প্রকল্প একাধিক প্যাকেজের কাজ বাস্তবায়িত হচ্ছে। ইতোমধ্যে উক্ত প্রকল্পের পানির মিটার স্থাপনের কাজ শুরু হয়েছে। উক্ত কাজের গুণগত মান ঠিক রাখার জন্য নিয়মিত পরিদর্শন ও মনিটরিং এর জন্য সহকারী প্রকৌশলী (পানি) এবং প্রকল্পের প্রকৌশলী গণকে নির্দেশনা প্রদান করা হয়। এবং মান্যবর ভারপ্রাপ্ত মেয়র কে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠন করে দেওয়ার প্রস্তাব করেন। | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে পাশ হয়। | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা। |
| ১-চ | বাস্তবায়িত প্রকল্পসমূহের পরীবিক্ষণ ও মূল্যায়ন | জনাব শেখ মারুফ আহম্মেদ, কাউন্সিলর, ওয়ার্ড- ০৬, সাতক্ষীরা পৌরসভা জানান যে, সাতক্ষীরা পৌরসভাতে নিজস্ব তহবিলের মাধ্যমে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দ ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর অনেকগুলো প্রকল্প বাস্তবায়িত হয়েছে। উক্ত প্রকল্প সমূহ যথাযথভাবে পরীবিক্ষণ ও মূল্যায়ন জন্য একটি কার্যকর কমিটি গঠনের প্রস্তাব করেন। | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে পাশ হয়। | ১.নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | জনস্বার্থ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় | | |
| ১-ছ | শূন্য পদে জনবল নিয়োগ | জনাব শেখ শফিক উদ দৌলা সাগর, কাউন্সিলর, ওয়ার্ড- ০৯, সাতক্ষীরা পৌরসভা জানান যে, সাতক্ষীরা পৌরসভার অনেক কর্মচারী অবসরে গিয়েছেন আবার কিছু কর্মচারী মৃত্যুবরণ করেছেন। তিনি শূন্য পদে লোকবল নিয়োগের জন্য মন্ত্রণালয়ের ছাড়পত্র চেয়ে পত্র প্রেরণের প্রস্তাব করেন **পরিশিষ্ট-ঘ (প্রস্তাবিত ছাড়পত্র)।** | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে পাশ হয়। | ১. পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা। |
| ১-জ | পৌরসভার স্থাবর সম্পত্তি দোকান নির্মাণের নিমিত্তে ইজারা প্রদান | জনাব কায়ছারুজ্জামান হিমেল, কাউন্সিলর, ওয়ার্ড- ০১ বলেন যে, বিভিন্ন ব্যক্তি ও গোষ্ঠী জাল-জালিয়াতি করে সাতক্ষীরা পৌরসভার সম্পত্তি বেদখল করে নিয়েছে। দিন দিন সরকারী বরাদ্দ কমে যাচ্ছে। এ প্রেক্ষিতে , পৌরসভার রাজস্ব বৃদ্ধি অপরিহার্য। আমি আরও বলতে চাই যে, এই পৌরসভা জনপ্রতিনিধি গণের প্রতিষ্ঠান। কোন আমলাতান্ত্রিক জটিলতা এখানে কাম্য নয়। The Bengal Municipal Act, 1932 ও The Paurashava Ordinance, 1977 এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এ পৌরসভাকে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসাবে মর্যাদা প্রদান করা হলেও বর্তমান এটি একটি আমলাতান্ত্রিক প্রতিষ্ঠানে পরিণত হচ্ছে। তিনি আরও বলেন সিইও মহোদয় যোগদানের পর পৌরসভার রাজস্ব বৃদ্ধি পেয়েছে এটা সঠিক। তবে, এর জন্য সাধারণ খেটে খাওয়া মানুষের কান্না আমাদের বিবেচনায় নিতে হবে।<br><br>তাঁর বক্তব্যে আরও বলেন যে, সাতক্ষীরা জেলার সাতক্ষীরা পৌরসভা ১৮৬৯ সালে প্রতিষ্ঠিত একটি "ক" শ্রেণির পৌরসভা। "ক"- শ্রেনীর পৌরসভা হলেও বিভিন্ন সময় কিছু অদূরদর্শী নেতৃত্বের কারণে সাতক্ষীরা পৌরসভার রাজস্ব সন্তোষজনক মাত্রায় বৃদ্ধি পাইনি। যদিও গত একবছরে সাতক্ষীরা পৌরসভা রাজস্ব বৃদ্ধি পেয়েছে। উক্ত রাজস্ব এর মাধ্যমে পরিচালন ব্যয় নির্বাহ করার পরও চলমান অর্থবছরে ০২ (দুই) কিস্তিতে প্রায় ৬,৫৬,৪৪,৩১২.৬৩ কোটি টাকার দরপত্র আহবান করা হয়েছে।<br><br>সম্মানিত পরিষদ সদস্যের বক্তব্যের পর প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, এই দেশ সরকারী কর্মকর্তা-কর্মচারী, রাজনীতিবিদ, দিনমজুর | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে পাশ হয়। | ১. পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা।<br>২. নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সবার। যেকোন কাজ আমাদের আইন ও বিধি প্রতিপালন করে করতে হবে। নিশ্চিত করতে হবে স্বচ্ছতা ও জবাবদিহীতা এবং কোন প্রকার বিধি নিষেদ পরিপন্থী কাজ করা যাবে না।<br><br>সামগ্রিক আলোচনা শেষে তিনি প্রস্তাব করেন যে, পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩ এর ২ (খ) ও (ঘ) নং ধারা ও স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৬। (১) (ক) নং অনুসারে সাতক্ষীরা পৌরসভার<br><br>তিনি আরও বলেন যে, এ কার্যালয়ের রেকর্ড ও রেজিস্ট্রার এবং নথি পর্যালোচনায় দেখা যায় যে, এস. এ - ২/১ খতিয়ানভুক্ত কাটিয়া মৌজার জে.এল নং-১০১ যার এস.এ দাগ নং- ১৯৬৩ এবং আর.এস খতিয়ান নং- ১৯ এবং আর.এস দাগ নং- ৪৫৬২,৪৫৬৩ এস.এ রেকর্ড অনুযায়ী সম্পত্তির পরিমান- ১২ শতক পূর্ব পাকিস্থান সরকারের পক্ষে সাতক্ষীরা মিউনিসিপালিটি এর নামে রেকর্ডভুক্ত ।<br><br>উক্ত কার্যালয়ের রেকর্ড ও রেজিস্ট্রার এবং নথি আরও পর্যালোচনায় দেখা যায় যে, ৬০৪৪ নাম্বার তারিখ: ০৮/০৯/১৯৭৬ বিনিময়পত্র দলিল পত্রমূলে আন্তঃজেলা মোটর পরিবহন সংস্থা পরিচালক কমিটির সভাপতির সাথে সাতক্ষীরা পৌরসভা পলাশপোল মৌজার জে,এল নং-৯৪ জমি বিনিময় করেন, যার ২৬৮৯ নং খতিয়ানভুক্ত এবং এস.এ -১১৪৬৫ দাগ নাম্বার এবং তুলনামূলক আর.এস খতিয়ান নং-১৯ এবং দাগ নাম্বার আর,এস দাগ নং- ১৬৩২৯ – ১৬৩৬৫। উক্ত বিনিময় পত্র ও রেকর্ড অনুসারে জমির পরিমাণ -৩৩ শতক ।<br><br>এ প্রেক্ষিতে তিনি, ২৬ ও ২৭ এবং ৩৩ তম পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক পৌরসভা পাবলিক মার্কেট আর্দশ উপ-আইনমালা, ২০১৪ এর ২। (খ) (ঘ) নং ধারা অনুসারে নির্ধারিত নকশা অনুসারে ভাগ্যকূল মার্কেট সংলগ্ন জমি এককালীন সালামি ৩ (তিন) লক্ষ টাকা এবং নিউমের্কেট সংলগ্ন জমি ৫(পাঁচ) লক্ষ টাকা অফেরতযোগ্য গ্রহণের মাধ্যমে ইজারা প্রদানের প্রস্তাব করেন। | | |
| ১-ঝ | নিলামে গাছ বিক্রয় | সাতক্ষীরা পৌরসভা মালিকানাধীন ( ০৬ নং ওয়ার্ড, আলিয়া মাদ্রাসার সম্মুখে এবং রসুলপুর গোরস্থানের) মরা, ঝড়ে উপরে পরা পরিপক্ক | উক্ত প্রস্তাব সর্বসম্মতিতে পাশ হয়। | ১. পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এবং বিনিষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | | |

অতঃপর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮/১/২৪

কাজী ফিরোজ হাসান
মেয়র (ভারপ্রাপ্ত)
সাতক্ষীরা পৌরসভা

নং : ৪৬.০০.৮৭৬৬.০০১.০৯.০০১.২২-১৩৭১

তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, সাতক্ষীরা।
৫. জনাব ..................................................., কাউন্সিলর..............নং ওয়ার্ড , সাতক্ষীরা পৌরসভা।
৬. পৌর নির্বাহী কর্মকর্তা, সাতক্ষীরা পৌরসভা। **[বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে প্রতি মিটিং এর ১২ (বারো) কার্যদিবসের মধ্যে প্রদান করতে হবে]**
৭. নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা। **[বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে প্রতি মিটিং এর ১২ (বারো) কার্যদিবসের মধ্যে প্রদান করতে হবে]**
৮. জনাব.............................................................................
৯. অফিস কপি।

৮/১/২৪

সিনিয়র সহকারী সচিব (সিইও)
সাতক্ষীরা পৌরসভা